# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি
## (সংস্থাপন শাখা)
www.dcjhalakati.gov.bd

নম্বর- ০৫.১০.৪২০০.০০৬.০৭.০০৪.২১.১৫৯

তারিখ : ২৩ চৈত্র ১৪২৭ / ০৬ এপ্রিল ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখা কর্তৃক ০৮ ডিসেম্বর ২০২০ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৩.১৬.২৬২ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি ও এর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সাধারণ প্রশাসনের জন্য এবং ঝালকাঠি সার্কিট হাউজে নিম্নলিখিত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে কেবলমাত্র ঝালকাঠি জেলার স্থায়ী (পুরুষ/মহিলা) বাসিন্দাদের নিকট হতে নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষ নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১. | লাইব্রেরি সহকারী | ০১ (এক)টি | স্কেল : ৯৩০০-২২৪৯০/- গ্রেড : ১৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি ক্ষেত্রে; গতি প্রতি মিনিটে ন্যূনতম বাংলা টাইপ ২০ ও ইংরেজি টাইপ ২০ শব্দ।<br>(গ) স্প্রেডসিট এবং প্রেজেন্টেশন বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০২. | হিসাব সহকারী | ০৪ (চার)টি | স্কেল : ৯৩০০-২২৪৯০/- গ্রেড : ১৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি ক্ষেত্রে; গতি প্রতি মিনিটে ন্যূনতম বাংলা টাইপ ২০ ও ইংরেজি টাইপ ২০ শব্দ।<br>(গ) স্প্রেডসিট এবং প্রেজেন্টেশন বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৩. | অফিস সহায়ক | ১৬ (ষোল)টি | স্কেল : ৮২৫০-২০০১০/- গ্রেড : ২০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০-এর তফশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪. | নিরাপত্তা প্রহরী | ০২ (দুই)টি | স্কেল : ৮২৫০-২০০১০/- গ্রেড : ২০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে এবং<br>(গ) জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০-এর তফশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫. | পরিচ্ছন্নতা কর্মী (জেলা প্রশাসকের কার্যালয়ের জন্য ৩টি ও সার্কিট হাউজের জন্য ১টি) | ০৪ (চার)টি | স্কেল : ৮২৫০-২০০১০/- গ্রেড : ২০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ৮০% পদ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে; তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সাধারণ প্রার্থীগণের মধ্য হইতে নিয়োগ দেওয়া হইবে;<br>(গ) জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০-এর তফশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬. | বেয়ারার (সার্কিট হাউজ) | ০১ (এক)টি | স্কেল : ৮২৫০-২০০১০/- গ্রেড : ২০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০-এর তফশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৭. | সহকারী বাবুর্চি (সার্কিট হাউজ) | ০১ (এক)টি | স্কেল : ৮২৫০-২০০১০/- গ্রেড :২০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;<br>(গ) জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০-এর তফশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৮. | মালি (সার্কিট হাউজ) | ০১ (এক)টি | স্কেল : ৮২৫০-২০০১০/- গ্রেড :২০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০-এর তফশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

### শর্তাবলি

০১. আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯-১২-২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত চাকরির আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্ব-হস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.mopa.gov.bd ওয়েব সাইট অথবা জেলা প্রশাসক, ঝালকাঠি-এর কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে এবং ছবির অপর পাশে/পিছনে প্রার্থীকে অবশ্যই স্পষ্ট করে প্রার্থীর নাম লিখতে হবে।

০২. আবেদনপত্র আগামী ৩০ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, ঝালকাঠি বরাবর সরকারি ডাকযোগে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৩. পরীক্ষার ফি বাবদ ১-২নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ৩-৮নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ট্রেজারি চালানে সরকারি কোষাগারে/ব্যাংকে কোড নং-১-০৭৪২-০০০০-২০৩১ এ জমা প্রদান করত চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে ।

০৪. প্রার্থীর বয়স ৩০ এপ্রিল ২০২১ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৫. খামের উপর প্রার্থীর পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে।

০৬. আবেদন ফরম-এ প্রার্থীর মোবাইল নম্বর বাধ্যতামূলকভাবে লিখতে হবে।

০৭. প্রার্থী কোনো সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৮. নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধি এবং সরকারি নির্ধারিত কোটা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৯. কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।।

১০. কোনো তথ্য গোপন করলে কিংবা তথ্যের স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিলে ব্যর্থ হলে তা প্রার্থীর অযোগ্যতা/নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে।

১১. কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোনো শর্ত সংযোজন/পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

১২. চূড়ান্তভাবে বাছাইকৃত/নিয়োগপ্রাপ্ত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোনো প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতীত তার নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে।

১৩. প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিটযুক্ত ৯.৫×৪.৫ ইঞ্চিবিশিষ্ট একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১৪. ১ ও ২নং ক্রমিকের বর্ণিত পদের লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার পূর্বে আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের অনুকূলে মূল সনদসমূহ সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল বরাবর দাখিল করতে হবে।

১৫. ৩ হতে ৮নং ক্রমিকের বর্ণিত পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার পূর্বে আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের অনুকূলে মূল সনদসমূহ জেলা প্রশাসক, ঝালকাঠি বরাবর দাখিল করতে হবে।

১৬. আবেদন ফরমের ১৭ নম্বর কলামে প্রার্থীদের কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত তথ্য উল্লেখ করতে হবে (যে পদের জন্য যা প্রযোজ্য)

১৭. আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

১৮. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

**মো: জোহর আলী**
জেলা প্রশাসক
ঝালকাঠি
ফোন : ০৪৯৮-৬৩৩০০
dcjhalokati@mopa.gov.bd